

আক্সেলপুরে কারিগরি স্কুল কলেজের ভিত্তিস্থাপন

সংবাদ : প্রতিনিধি, আক্সেলপুর (জয়পুরহাট)

| ঢাকা, মঙ্গলবার, ০৪ সেপ্টেম্বর ২০১৮

জয়পুরহাটের আক্সেলপুর পৌরশহরের আমুট
রেলগেট এলাকায় 'আক্সেলপুর টেকনিক্যাল স্কুল
অ্যান্ড কলেজ, নামে কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান
হচ্ছে। গত রোববার জয়পুরহাট-২ (আক্সেলপুর-
কালাই-ক্ষেত্রলাল) আসনের সাংসদ ও বাংলাদেশ
আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক
সম্পাদক আবু সাঈদ আল মাহমুদ স্বপন
আনুষ্ঠানিকভাবে এ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন
করেছেন। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা
(ইউএনও) সালাহউদ্দিন আহমেদ, আক্সেলপুর
পৌরসভার মেয়রু গোলাম মাহফুজ চৌধুরী,
উপজেলা আওয়ামী লীগের সভাপাত মোকছেদ
আলী মাস্টার, পৌর আওয়ামী লীগের আহ্নায়ক
এনামুল হক, যুগ্ম আহ্নায়ক আব্দুর রহিম,
হাসনাতুজ্জামান শাহিনসহ বিপুলসংখ্যক দলীয়
নেতাকর্মী সেখানে উপস্থিত ছিলেন। ১শ'
উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল অ্যান্ড
কলেজ স্থাপন (১ সংশোধিত) প্রকল্পের আওতায়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর অধিদপ্তর এটি নির্মাণ
করছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, দুই একর
জায়গায় পাচতলা একাডেমিক ভবন ও চার তলা

প্রশাসানক ভবনসহ এক তলার ওয়াকুশপ নির্মাণ করা হবে। এ কাজে মোট ১৪ কোটি ৫০ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়েছে। নওগাঁর মিলন ট্রেডার্স নামে একটি ঠিকাদারী প্রতিষ্ঠান কাজটি পেয়েছেন। চলতি সপ্তাহে পুরোদমে নির্মাণকাজ শুরু করা হবে বলে ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজন জানিয়েছেন। সাংসদ আবু সাঈদ আল মাহমুদ স্বপ্ন বলেন, আওয়ামী লীগ সরকার থাকলে দেশের উন্নয়ন হয়। সরকার সারাদেশে প্রতিটি উপজেলায় একটি কলেজ ও মাধ্যমিক স্কুল সরকারিকরণ করেছে। আক্ষেলপুর টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ চালু হলে এলাকার বিপুল সংখ্যক শিক্ষার্থী কারিগরি শিক্ষার সুযোগ পাবে। পরে সাংসদ আবু সাঈদ আল মাহমুদ স্বপ্ন আক্ষেলপুর-জয়পুরহাট এবং আক্ষেলপুর ও ইটাখোলা সড়ক প্রশস্তকরণ কাজের উদ্বোধন করেন। সড়ক ও জনপথ বিভাগ (সওজ) কাজটি বাস্তবায়ন করছে। সওজের জয়পুরহাট কার্যালয়ের উপ-সহকারী প্রকৌশলী আশরাফুল ইসলাম বলেন, আক্ষেলপুর-জয়পুরহাট এবং আক্ষেলপুর ও ইটাখোলা পর্যন্ত মোট ৩২ কিলোমিটার সড়ক প্রশস্তকরণ কাজ এ কাজটি তিন প্যাকেজে করা হচ্ছে। এতে ৭৪ কোটি টাকা ব্যয় হবে।